

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৯১

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৬  
২৫ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ২৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও খুলনা বিভাগের অনেক জায়গায়; সিলেট, ঢাকা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় এবং চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা অথবা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩দিন): এ সময়ের শেষের দিকে আবহাওয়া উন্নতি হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৮.৭	২৬.৬	৩১.২	৩০.২	২৯.০	৩১.০	২৭.৩	৩০.৬
সর্বনিম্ন তাপমাত্রা	১৬.৫	১৬.০	১৫.৬	১৫.৪	১৬.০	১৪.৪	১৬.৫	১৮.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহীতে ৩১.২° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৪.৪°সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৩/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৪/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩০টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৬	১	০

২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	৪	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	৪	০	০
৬।	রংপুর	৩	০	০
৭।	চট্টগ্রাম	৬	০	০
৮।	খুলনা	৪	০	০
	মোট	৩০	১	০

### উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। ঢাকাঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স থেকে টেলিফানের মাধ্যমে জানা গেছে যে, গতকাল ২৪/০২/২০২০ খ্রিঃ তারিখ রাত ১০.২২ ঘটিকায় ৬৬/১৩ সিদ্দিকবাজার, পুরান ঢাকা এলাকায় একটি জুতার কারখানায় বৈদ্যুতিক গোলযোগে আগুন লাগে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ০২ টি ইউনিট অংশগ্রহণ করে রাত ১০.৪৫ ঘটিকায় আগুন নেভাতে সক্ষম হয়। অগ্নিকান্ডে একজন হালকা আহত হয়। প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে ছেড়ে দেওয়া হয়।

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১  
এনডিআরসিসি অধিশাখা  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়



২৫-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান  
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৯১/১

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৬  
২৫ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক (সকল)
- ৪) উপ-পরিচালক (সকল)
- ৫) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা
- ৬) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



২৫-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান  
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)